আজকের কাগজ

28

তারিখ 13 MAR ১৯৯৬
পৃষ্ঠা ৮ কলাম ৮

# ময়মনসিংহ মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

ময়মনসিংহ মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল বি[illegible]ত্ররা কলেজের প্রশাসনিক ভবন ও অধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেবার পর কর্তৃপক্ষ কলেজ বন্ধের ঘোষণা দেন। ক্যাম্পাস সূত্র জানায়, যে কোনো অপ্রীতিকর ঘটনা এড়ানোর জন্যে একাডেমিক কাউন্সিল কলেজ বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন। গতকাল বিকেল ৪টার মধ্যেই ছাত্রছাত্রিদের হল ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে। ছাত্রাবাসে নিরাপত্তাসহ ৬ দফা দাবি আদায়ের জন্যে ছাত্ররা আন্দোলন করে আসছে। এদিকে কলেজের বিরাজমান সমস্যা মীমাংসার জন্যে গত শনিবার কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র নেতাদের মধ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। কিন্তু ওই বৈঠক ব্যর্থতায় পর্যবসিত হয়। খবর ইউএনবি।